কানাইঘাটে ছাত্রলীগ নেতা শাহরিয়ার আহমদের বাড়ি ঘর ভাঙচুর,অগ্নিসংযোগ,আহত ১

কানাইঘাট প্রতিনিধি: সিলেটের কানাইঘাটে ছাত্রলীগ নেতা শাহরিয়ার আহমদের বাড়ি-ঘর ভাঙচুর,লুটপাট, অগ্নিসংযোগ ও পরিবারের সদস্যদের মারধর করেছে স্থানীয় জামায়াত শিবিরের নেতাকর্মীরা।

গতকাল শনিবার (১০ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার বাণীগ্রাম ইউনিয়নের দলইমাটি গ্রামে জামায়াত নেতা স্থানীয় ইউপি চেয়ারম্যান লোকমান উদ্দিনের নেতৃত্বে একদল সন্ত্রাসী মিছিল সহকারে উপজেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক শাহরিয়ারের বাড়িতে গিয়ে বাড়িঘর ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করে।

স্থানীয়রা জানান, ছাত্রলীগ নেতা শাহরিয়ার আহমদকে (২৭) বাড়িতে না পেয়ে এক পর্যায়ে তার বৃদ্ধ বাবাকে টেনেহিঁচড়ে মাটিতে ফেলে আঘাত করা হয়৷ সন্ত্রাসীদের আক্রমনে তিনি মারাত্মক আহত হন।
পরিবারের লোকজনের আর্তচিৎকার শুনে আশপাশের লোকজন এগিয়ে আসলে বিক্ষোভকারীরা ঘরে অগ্নিসংযোগ করে চলে যায়। পরে স্থানীয়দের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসা হয়।

গুরুতর আহত শাহরিয়ার আহমদের পিতা আব্দুছ ছাত্তার কামরুলকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয় মুরব্বি আব্দুল করিম চৌধুরী বলেন, ইউপি চেয়ারম্যান ও জামায়াত নেতা লোকমান উদ্দিনের নেতৃত্বে
একটি স্বশস্ত্র সন্ত্রাসী গ্রুপের লোকজন বিনা উস্কানিতে শাহরিয়ারের বাড়ি-ঘরে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে।

এ ব্যাপারে কানাইঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল আউয়াল জানান, শুনেছি ছাত্রলীগ নেতা শাহরিয়ারের বাড়িতে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে। আমরা খোঁজ নিয়ে দেখছি।

প্রসঙ্গত, ছাত্র-জনতার জুলাই গণঅভ্যুত্থানের মুখে ৫ আগস্ট আওয়ামী লীগের সভানেত্রী ও স্বৈরাচারী প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে পালিয়ে যাওয়ার পর আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ নেতাকর্মীদের

বাসা বাড়িতে হামলা অব্যাহত আছে।